## নায়ক সোহেল রানার নতুন রাজনৈতিক দল



দেশে নতুন রাজনৈতিক দল গঠনের ঘোষণা দিয়েছেন প্রখ্যাত অভিনেতা ও বীর মুক্তিযোদ্ধা মাসুদ পারভেজ (সোহেল রানা)। তার দলের নাম বাংলাদেশ ইনসাফ পার্টি। ইংরেজিতে দলটির নাম 'বাংলাদেশ জাস্টিস পার্টি' হিসেবে পরিচিতি পাবে। শান্তির প্রতীক কবুতরকে এ দলের প্রতীক হিসেবে গ্রহণ করা হয়েছে। সংবাদমাধ্যমে জানিয়েছেন নায়ক সোহেল রানা নিজেই। ৩ অক্টোবর সন্ধ্যায় রাজধানীর একটি অভিজাত হোটেলে অনুষ্ঠিত এক সভায় নতুন গঠন করা দল নিয়ে বিস্তারিত তথ্য দেন তিনি। নায়ক সোহেল রানার সভাপতিত্বে ওই সভায় আরও জানানো হয়, নতুন এ দলের ৫১ সদস্যের একটি কমিটি ঘোষণা করা হবে খুব শিগগিরই। এ মাসের শেষ সপ্তাহে অথবা আগামী মাসের প্রথম সপ্তাহে ৫১ সদস্যের নাম প্রকাশ করার পরিকল্পনা রয়েছে দলটির।

## বেতারে ১৫ বছর নিষিদ্ধ ছিলেন ফেরদৌস আরা



দেশের জনপ্রিয় নজরুল সঙ্গীতশিল্পী ফেরদৌস আরা বিটিভি ও বেতারে ১৫ বছর নিষিদ্ধ ছিলেন। কণ্ঠশিল্পী ফেরদৌস আরা ক্যারিয়ারে অসংখ্য গান উপহার দিয়েছেন। বিগত সরকারের আমলে ভিন্নমত প্রকাশের কারণে ১৫ বছর আগে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে পারফর্ম করার জন্য নিষিদ্ধ করা হয়। এমনকি কালো তালিকায় নাম থাকায় কোনো অনুষ্ঠানেও অংশ নিতে পারেননি তিনি। জানা গেছে, ভিন্নমতের হওয়ায় বিগত সরকারের আমলে অনেক শিল্পীই সেই কালো তালিকাভুক্ত ছিলেন। রাষ্ট্রীয় বেতার ও টিভি চ্যানেলে কোন কোন শিল্পী পরিবেশন করতে পারবেন, আর কে কে পারবেন না, তা ছিল একটি অঘোষিত তালিকা। এমনকি একটি 'কালো তালিকা' ও ছিল। সেই কালো তালিকায় নাম ছিল ফেরদৌস আরার।



## ৩৩ বছর পর একসঙ্গে অমিতাভ-রজনীকান্ত

একজন বলিউডের মেগাস্টার, আরেকজন দক্ষিণের। ভারতীয় সিনেমার ইতিহাসে সবচেয়ে বড় দুই সুপারস্টারও তারা। ক্যারিয়ারের শুরুতে একসঙ্গে কাজও করেন কয়েকটি হিট চলচ্চিত্রে। এরপর কেটে গেছে ৩৩ বছর আর একসঙ্গে পর্দায় ফেরা হয়নি এই কিংবদন্তি দুই অভিনেতাকে। তবে দীর্ঘ এ বিরতির পর জনপ্রিয় দুই তারকাকে টি জে জ্ঞানভেল পরিচালিত 'ভেটাইয়ান' সিনেমায় দেখা যাবে। রজনীকান্ত, অমিতাভ বচ্চন ছাড়াও এ ছবিতে নির্মাতা কার্যত তারকার সমাবেশ ঘটিয়েছেন। আছেন ফাহাদ ফাসিল, রান্না দুগ্‌গাবতি, মঞ্জু ওয়ারিয়রের মতো তারকারা। তবে ভালো চিত্রনাট্য, ব্যতিক্রমী রজনীকান্ত থাকার পরও 'ভেটাইয়ান' অসাধারণ ছবি না হয়ে ওঠার কারণও এটি। এত বড় বড় তারকা থাকলেও সবার চরিত্র ঠিকঠাক লেখা হয়নি। এর ফলে নিজেদের সেরাটা দিতে পারেননি তারা।

## মুক্তির অপেক্ষায় 'ব্যাচেলর পয়েন্ট' নতুন সিজন

দেশীয় বিনোদন মাধ্যমে যে কয়েকটি সিরিজ নাটক তুমুল জনপ্রিয়তা পেয়েছে তার মধ্যে 'ব্যাচেলর পয়েন্ট' অন্যতম। শুরু থেকেই অনলাইনে দাপিয়ে বেড়ানো সিরিজটি দর্শকদের চাহিদার কারণে একে একে চারটি সিজন নির্মিত হয়। ২০১৭ সালে শুরু হওয়া জনপ্রিয় নির্মাতা কাজল আরেফিন অমির এই ধারাবাহিকটি দুই বছর আগে সিজন ফোর শেষ হলেও নির্মাতাকে প্রতিনিয়ত নতুন সিজনের জন্য তাগিদ দিতে থাকেন দর্শক। অবশেষে নির্মাতা নতুন সিজনের ঘোষণা দিয়েছেন সামাজিক যোগাযোগমাধ্যমে।




## বিশ্বের সেরা সুদর্শন পুরুষের তালিকায় শাহরুখ



বলিউডের নায়কদের মধ্যে অন্যতম সুদর্শন হৃতিক রোশনকে বলা হয় 'গ্রিক গড', আর রণবীর কাপুর তো অনেক আগে থেকেই নারীদের ক্রাশ। তবে এবার সেরা সুদর্শন পুরুষের তালিকায় জায়গা হলো না তাদের। সৌন্দর্যের দিক থেকে হৃতিক-রণবীর কিংবা বলিউডের আরও অনেক সুদর্শন পুরুষকে ছাড়িয়ে গেলেন শাহরুখ খান। এবার বিশ্বের সেরা দশজন সুদর্শন পুরুষদের তালিকায় নাম নিজের নাম লিখিয়েছেন তিনি। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুযায়ী, বিশ্বের নামিদামি তারকা স্থান পেয়েছেন সেখানে। এমনকি একমাত্র ভারতীয় হিসেবে সে তালিকায় স্থান পেয়েছেন শাহরুখ খান। বর্তমানে বিশ্বের সবচেয়ে সুদর্শন পুরুষের তালিকার শীর্ষে রয়েছে হলিউড তারকা অ্যারন টেলর-জনসনের নাম।

সৃজনশীল বাংলাদেশ


বাংলাদেশ শিল্পকলা একাডেমি

## শিল্পকলা একাডেমিতে নতুন ৬ পরিচালক

শিল্পকলা একাডেমির ছয়টি বিভাগে নতুন পরিচালক নিয়োগ দিয়েছে সরকার। একই সাথে একাডেমির চারজন পরিচালকের চুক্তির অবশিষ্ট মেয়াদ বাতিল করা হয়েছে। ৩০ সেপ্টেম্বর জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখার আলাদা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। নতুনদের মধ্যে একাডেমির চারুকলা বিভাগের দায়িত্ব পেয়েছেন মোস্তফা জামান, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগে ফয়েজ জহির, সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি বিভাগে মেহজাবীন রহমান, গবেষণা ও প্রকাশনা বিভাগে তানজিম ওয়াহাব, প্রযোজনা বিভাগে আব্দুল হালিম চঞ্চল এবং প্রশিক্ষণ বিভাগের দায়িত্ব পেয়েছেন এ এফ এম নুরুর রহমান।

## ট্রাম্পের স্ত্রী হয়ে পর্দায় আসছেন মারিয়া

সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোলান্ড ট্রাম্পকে নিয়ে নির্মিত হচ্ছে সিনেমা। 'দ্য এপ্রিনটিস' নামের এই সিনেমায় ফুটিয়ে তোলা হবে নিউইয়র্ক সিটিতে সত্তর থেকে আশির দশকের তরুণ ট্রাম্পের উত্থানের গল্প। ইতোমধ্যে প্রকাশিত হয়েছে এ সিনেমার ট্রেইলার। সিনেমাটিতে ট্রাম্পের প্রয়াত স্ত্রী ইভানা ট্রাম্পের ভূমিকায় দেখা যাবে হলিউডের উদীয়মান অভিনেত্রী মারিয়া বাকালোভাকে। তবে মারিয়াকে যখন অভিনয়ের জন্য সিনেমার নির্মাতা আলী আব্বাসী ডাকেন, তখন এক রকম উদ্বেগের মধ্যে পড়ে যান এই অভিনেত্রী। তার চিন্তা হচ্ছিল, তিনি কি ট্রাম্পের স্ত্রীকে পুরোপুরি ফুটিয়ে তুলতে পারবেন?




## ছবিয়ালের ২৫ বছর

চলচ্চিত্র নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকীর প্রযোজনা প্রতিষ্ঠান ছবিয়াল। এই প্রতিষ্ঠানের ব্যানারেই তিনি নির্মাণ করেছেন অনেক বিজ্ঞাপন, নাটক, সিনেমা। ১৯৯৮ সাল, ছবিয়াল থেকে ফারুকীর প্রথম নির্মাণ 'ওয়েটিং রুম'। ছবিয়ালের ২৫ বছর পূর্তি উপলক্ষে রাজধানীর তেজগাঁওতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যেখানে মোস্তফা সরয়ার ফারুকী ও তার ভাই-বেরাদেররা। পরিবারের মানুষদের সঙ্গে নিয়ে সবাই মিলে আনন্দে কাটিয়েছেন সন্ধ্যাটি। ২৫ বছরের পথচলায় অনেক সমালোচনার মুখে পড়তে হয়েছে ফারুকী ও ছবিয়ালকে। যার মধ্যে অন্যতম ভাষার ব্যবহার। নাটকে কথ্য ভাষার ব্যবহার করে সমালোচনার মুখে পড়েন মোস্তফা সরয়ার ফারুকী।









## কিশোর কুমারের বায়োপিকে আমির খান

একের পর এক ব্যর্থতা, তারপর বক্স অফিস থেকে বেশ লম্বা একটা বিরতি নেন বলিউড সুপারস্টার আমির খান। অনুরাগ বসু পরিচালিত কিশোর কুমারের বায়োপিকে অভিনয়ের প্রস্তাব পেয়েছেন আমির খান। প্রযোজক ভূষণ কুমারের সঙ্গে এরই মধ্যেই কিশোর কুমারের বায়োপিক নিয়ে আলোচনা করেছেন আমির ও অনুরাগ। আমির খান কিশোর কুমারের একজন বড় ভক্ত। এই বিষয়টিই আমিরকে ছবিটির প্রতি সবচেয়ে বেশি আগ্রহী করে তুলেছে।

## জুলাই বিপ্লব নিয়ে রায়হান রাফীর সিনেমা

সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একটি অনুষ্ঠানে নির্মাতা রায়হান রাফি ঘোষণা দেন জুলাই বিপ্লব নিয়ে সিনেমা বানাবেন। জুলাই অভ্যুত্থানে এত এত গল্প, যেগুলো নিয়ে অনেক সিনেমা বানানোর কথা বলেন তিনি। আমি আমার জায়গা থেকে চেষ্টা করবো দ্রুত নির্মাণ করার। রায়হান রাফির মতে, এই যে আন্দোলন হলো, একটা সময় কিন্তু মানুষ ভুলে যাবে। কিন্তু এগুলো সিনেমাতে থাকলে মানুষের মনে থাকবে।



## আন্তর্জাতিক সংগীত সম্মেলনে সুমি

প্রতি বছর অক্টোবরে বিশ্বের বিভিন্ন দেশে আয়োজন করা হয় এই সম্মেলনের। এবার আয়োজন করা হয় যুক্তরাজ্যের ম্যানচেস্টার শহরে। বিশ্বের বৃহত্তম এই সঙ্গীত সম্মেলনে সুমি দ্বিতীয়বারের মতো অংশ নেন। ম্যানচেস্টারে ২৪ থেকে ২৬ অক্টোবর আন্তর্জাতিক সম্মেলনে বিশ্বের ৯০টি দেশের ২৬০ জন সঙ্গীতশিল্পী, আড়াই হাজারের বেশি সঙ্গীত পেশাদার অংশ নেন। এই সম্মেলনটিতে একজন প্যানেলিস্ট হিসেবে যুক্ত হন সুমি। এর আগে ২০২২ সালে পর্তুগালে অনুষ্ঠিত সম্মেলনটিতে অতিথি হিসেবে অংশ নিলেও চলতি বছর প্যানেলিস্ট হিসেবে এ উৎসবে অংশগ্রহণ করেছেন সুমি। গত ২৫ অক্টোবর এ সম্মেলনে বিশেষজ্ঞ আলোচক হিসেবে নিজের বক্তব্য তুলে ধরেন এ শিল্পী।







## নিজেই নিজেকে বিয়ে করলেন ব্রিটনি স্পিয়ার্স



মার্কিন জনপ্রিয় পপ গায়িকা ব্রিটনি স্পিয়ার্স ২০২২ সালের জুনেই খবরের শিরোনাম হন। বাবা জেমি স্পিয়ার্সের বিধিনিষেধ কাটিয়ে ইরানি মুসলিম যুবক শ্যাম আসগারির সঙ্গে বিয়েবন্ধনে আবদ্ধ হন এ সংগীতশিল্পী। বিয়ের আগে নাকি তার সঙ্গে বাগদানও সেরে রেখেছিলেন তিনি। আর বাবার রক্ষণশীলতা থেকে মুক্ত হওয়ার সাত মাস পর সেই শ্যামকে বিয়ে করার কথা প্রকাশ করেছিলেন এ মার্কিন পপ তারকা। এ বিয়ে বেশি দিন টেকেনি। বিয়ের বছরখানেক পর অর্থাৎ ২০২৩ সালের সেপ্টেম্বরে আলাদা হয়ে যান তারা। আর সেই বিচ্ছেদের প্রায় এক বছর পর আশ্চর্যজনক ঘোষণা দিলেন ব্রিটনি স্পিয়ার্স। না, নতুন করে কোনো যুবকের প্রেমে পড়া কিংবা কারও সঙ্গে বিয়ের কথা জানাননি এ সংগীতশিল্পী।

## মাধুরীর সঙ্গে নাচতে গিয়ে মঞ্চে ধপাস বিদ্যা

‘ভুলভুলাইয়া ৩’ সিনেমার সবচেয়ে বড় চমক যে বিদ্যা বালান ও মাধুরী দীক্ষিতের যুগলবন্দি হতে চলেছে, তা ট্রেলার থেকেই স্পষ্ট। এমনকী, ‘আমি যে তোমার’ গানে দুই অভিনেত্রীর নাচ এ ছবির একটা ইউএসপি, তাও স্বীকার করেছে ছবির টিম। গত শুক্রবার মুক্তি পেল সিনেমার এই গানের ভিডিও। সেই ভিডিও প্রকাশ অনুষ্ঠানে ঘটল বিপত্তি। মঞ্চে মাধুরীর সঙ্গে নাচতে গিয়ে ধপাস করে পড়লেন বিদ্যা! যদিও বিদ্যা সঙ্গে সঙ্গে সামলেও নিয়েছেন। তারপরও বিদ্যা-মাধুরীর নাচের ভিডিও এখন ভাইরাল সামাজিক যোগাযোগমাধ্যমে। আমি যে তোমার ৩.০, এই নাম দেওয়া হয়েছে ‘ভুলভুলাইয়া ৩’ সিনেমার গানকে। আমাল মালিকের সংগীতায়োজনে গানটি গেয়েছেন শ্রেয়া ঘোষাল। রাজপ্রাসাদের সেট সাজিয়ে করা হয়েছে শুটিং। রাজদরবারেই নর্তকী হিসেবে দেখা যাচ্ছে বিদ্যা ও মাধুরীকে।



## দ্বিতীয় কন্যাসন্তানের বাবা-মা হলেন বাপ্পা-তানিয়া

জনপ্রিয় গায়ক-সুরকার, সঙ্গীত পরিচালক বাপ্পা মজুমদার ও তার স্ত্রী অভিনেত্রী তানিয়া হোসাইনের ঘরে আসে ফুটফুটে কন্যা সন্তান। দ্বিতীয়বারের মতো কন্যা সন্তানের বাবা-মা হন এই তারকাজুটি। ২৮ অক্টোবর সকালে ঢাকার বেসরকারি হাসপাতালে ফুটফুটে এক কন্যা সন্তানের জন্ম দেন তানিয়া। এর আগে ২০১৮ সালের মে মাসে বিয়ে করেন বাপ্পা মজুমদার ও তানিয়া। দু’জনের ছিল এটি দ্বিতীয় বিয়ে। এই সংসারে ২০১৯ সালের ডিসেম্বরে তাদের কোল আলো করে আসে প্রথম সন্তান অগ্নিমিত্রা মজুমদার পিয়েতা।



## ‘টারজান’খ্যাত মার্কিন অভিনেতা রন এলি মারা গেছেন

গত ২৯ সেপ্টেম্বর ক্যালিফোর্নিয়ার সান্তা বারবারার লস আলামোসে নিজ বাড়িতে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। তার বয়স হয়েছিল ৮৬ বছর। যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদমাধ্যম ফক্স নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন রন এলির কন্যা কার্স্টেন। প্রায় এক মাস আগে রন এলি মারা গেলেও গতকাল সোশ্যাল মিডিয়ায় তার মৃত্যুর খবর জানিয়ে বিবৃতি দেন কার্স্টেন। এতে তিনি বলেনড় ‘মহান একজন মানুষকে হারালো পৃথিবী, আমি হারালাম আমার বাবাকে।’

